

কলিকাতা বিশ্ববিদ্যালয়

ভর্তির পরীক্ষা - ২০১৯

- ১) এ বছর থেকে M.A., M.Sc., M.Com, M.Sc (Ag) ইত্যাদি কোর্সের ভর্তি পরীক্ষা অনলাইন পদ্ধতিতে হবে। কম্পিউটারের মাধ্যমে দিতে হবে।
- ২) অনলাইন পদ্ধতিতে পরীক্ষা মানে বাড়ীতে বসে বা সাইবার কাফেতে পরীক্ষা দেওয়া যাবে না।
- ৩) অনলাইন পরীক্ষার জন্য একটি নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্র থাকবে। সেই পরীক্ষা কেন্দ্রটি সল্টলেক, কলকাতা শহরে অবস্থিত। নোটিশে উল্লিখিত ঐ নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত দিনে নির্ধারিত সময়ে পরীক্ষার্থীদের হাজির হতে হবে।
- ৪) প্রত্যেক পরীক্ষার প্রশ্নপত্রে মোট ৫০টি প্রশ্ন থাকবে। প্রত্যেক প্রশ্নের চারটি করে উত্তর থাকবে এবং চারটি উত্তরের মধ্যে একটি সঠিক উত্তর থাকবে। পরীক্ষার সময় ১ ঘন্টা।
- ৫) প্রতিটি সঠিক উত্তরের জন্য '+২' নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য '-০.৫' নম্বর এবং কোন উত্তর না করার জন্য 'শূন্য' নম্বর পাবে।
- ৬) ভুল উত্তর করার জন্য মূল্যায়নে নেগেটিভ মার্কিং হবে।
- ৭) পরীক্ষা কেন্দ্রের ঠিকানা, পরীক্ষার দিন, সময় এবং পরীক্ষা কেন্দ্রে রিপোর্ট করার সময় ওয়েবসাইট নোটিসে এবং হল টিকিট (Hall Ticket) (এডমিট কার্ডে) উল্লিখিত থাকবে।
- ৮) পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশিকা ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ৯) প্রত্যেক পরীক্ষার্থীকে হল টিকিট (Hall Ticket) University Admission-Portal থেকে download করে নিতে হবে। এই সংক্রান্ত নোটিশ ওয়েবসাইটে থাকবে।
- ১০) প্রত্যেক Non C.U. ছাত্রছাত্রী এবং C.U. আগের বছরের পাশ করা ছাত্রছাত্রীদের Entrance Test অবশ্যই দিতে হবে।
- ১১) বর্তমান বছরে পাশ করা C.U. এবং C.U. Autonomous কলেজের ছাত্রছাত্রীদের কয়েকটি বিশেষ কোর্সে ভর্তির জন্য Entrance Test বাধ্যতামূলক।

যেমন- M.Sc. তে Group-3 কম্পিউটার সায়েন্স, Group-8 BMB, Group-13 Statistics এবং Group-21 Human Rights.

M.A. তে Group-7 CILL, Group-11 Buddhist Studies, Group-21 Museology ইত্যাদি

১২) এছাড়া বর্তমান বছরে পাশ করা C.U. এবং C.U. Autonomous কলেজের ছাত্রছাত্রীরা Entrance Test-এ বসতে পারে। আবার নাও বসতে পারে। যদি তারা Entrance Test-এ বসে, তাহলে লাভবান হতে পারে অথবা নাও হতে পারে। কিন্তু কোনোভাবেই ক্ষতিগ্রস্ত হবে না। কারণ যদি সে পরীক্ষায় বসে, তাহলে তার নাম Part-A 60% সিট এবং Part-B 40% সিট উভয় মেধাতালিকায় থাকবে। ভর্তি তালিকায় তার নাম সেই মেধাতালিকা থেকেই হবে, যে মেধাতালিকা থেকে সে বেশি উপকৃত হবে।

এমনকি সে যদি '-ve' নম্বর পায়, সে ভর্তির সুযোগ পাবে Part-A মেধাতালিকার ভিত্তিতে। সে যদি Entrance Test-এ না বসে তাহলে তার নাম শুধুমাত্র Part-A মেধাতালিকায় থাকবে।

১৩) কোন ছাত্রছাত্রীকে Entrance Test-এ বসার জন্য অতিরিক্ত ফি দিতে হবে না।

১৪) Mock Test (Sample Test)-র সুবিধা ১০ই জুলাই, ২০১৯ থেকে পাওয়া যাবে। যার লিঙ্ক ওয়েবসাইটে দেওয়া থাকবে।

১৫) প্রথম Provisional Selection Lists উভয় মেধাতালিকা (Part-A 60% সিট এবং Part-B 40% সিট) থেকে একসঙ্গে Entrance Test-এর ফলাফল বের হওয়ার পরে হবে।

১৬) Entrance Test সংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী ওয়েবসাইট নোটিশে উল্লিখিত থাকবে।

১৭) এখানে C.U. ছাত্রছাত্রী মানে যে C.U. থেকে গ্রাজুয়েট হয়েছে এবং Non C.U. ছাত্রছাত্রী মানে যে C.U. ছাড়া অন্য প্রতিষ্ঠান থেকে গ্রাজুয়েট হয়েছে।

১৮) পরীক্ষার সাধারণ নির্দেশাবলী ইংরাজী ও বাংলা মাধ্যমে পাওয়া যেতে পারে কিন্তু কয়েকটি ভাষা বিষয় ছাড়া বাকি সব পরীক্ষার প্রশ্নপত্র ইংরাজী মাধ্যমে হবে।

১৯) যেহেতু পরীক্ষার আগে verification-র কোনো সুযোগ নেই তাই পরীক্ষায় উত্তীর্ণ হলেও নূন্যতম যোগ্যতামান না থাকলে ঐ বিষয়ের আবেদনপত্র বাতিল হবে।